গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর
www.bagherpara.jessore.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.১৩৯৬

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নোটিশ

বিষয়: **উপজেলা পরিষদের অক্টোবর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আহবান প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের অক্টোবর'-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১২অক্টোবর'২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে**কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প গ্রহন সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. উপজেলা পরিষদের বাসাবাড়ি ও দোকানঘর সম্পর্কিত আলোচনা।
৯. বিবিধ।

০৪-১০-২০২৩
হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর ও মূখ্য
নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪;
২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা;
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর;
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৫। ভাইস চেয়ারম্যান(পুরুষ), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৬। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৭। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর;
৮। উপজেলা.................................কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর;
৯। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর এবং

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৩৯৬

তারিখঃ ০৪ অক্টোবর' ২০২৩খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | |
| ২ | উপজেলা কৃষি কর্মকর্তা | |
| ৩ | উপজেলা প্রকৌশলী | |
| ৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |
| ৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | 04.10.23 |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | |
| ১১ | উপজেলা প: প: কর্মকর্তা | |
| ১২ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা | |
| ১৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | |
| ১৪ | ফরেস্টার, সামাজিক বনায়ন | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) | 04.10.23 |

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৩৯৬ তারিখঃ ০৪ অক্টোবর' ২০২৩খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ৩. | চেয়ারম্যান, জহুরপুর ইউপি | |
| ৪. | চেয়ারম্যান, বন্দবিলা ইউপি | |
| ৫. | চেয়ারম্যান, রায়পুর ইউপি | |
| ৬. | চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি | |
| ৭. | চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি | |
| ৮. | চেয়ারম্যান, দোহাকুলা ইউপি | |
| ৯. | চেয়ারম্যান, দরাজহাট ইউপি | |
| ১০. | চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি | |
| ১১. | চেয়ারম্যান, জামদিয়া ইউপি | |

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৩৯৬ তারিখঃ ০৪ অক্টোবর' ২০২৩খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | মেয়র, বাঘারপাড়া পৌরসভা | 8/10/2023 |

উপজেলা পরিষদের অক্টোবর/২৩ মাসের
মাসিক সাধারন সভার উপস্থিতি

সভাপতি : জনাব মিসেস জোরিয়া ফারহীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ ও সময় : ১২/১০/২০২৩ খ্রি: বেলা - ১১.৩০ ঘটিকায়

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগনের স্বাক্ষর :

১। জনাব আ: রউফ, ভাইস চেয়ারম্যান, উপ: পরিষদ →
২। জনাব বিথীকা বিশ্বাস, মহিলা, ভাইস চেয়া: ম্যান, উপ: পরি: →
৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া →
৪। চেয়ারম্যান, জহুরপুর, ইউপি → 12.10.23
৫। " বন্দবিলা " →
৬। " রায়পুর " →
৭। " নারিকেলবাড়ীয়া " →
৮। " ধলগ্রাম " →
৯। " দোহাকুলা " →
১০। " দরাজহাট " →
১১। " বাসুয়াড়ী " →
১২। " জামদিয়া " →

আমন্ত্রিত বিভাগীয় প্রধানদের স্বাক্ষর উপস্থিতি: ক্রমানুসারে

১। বিবেকানন্দ দাস, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বরগুনা

২। এ. এস. এম. জিল্লুর আমীর
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

৩।

৩। রহিমা খাতুন
উপজেলা দারিদ্র বিমোচন অফিসার

৪। মো: আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী

৫। মো: আবু হানিফ, SAE. DPHE

৬। ডা: এস. এম. মোস্তফা কামাল, WUHF.PO

৭। মো: আমিনুল কবির, কোঅর্ডিনেটর, সামাজিক সমন্বয় কেন্দ্র
বাংলাদেশ বাংলা

৮। মো: মোতালেব হোসেন - UGDP, UDF —

৯। মো: তোফাজ্জেল হোসেন UYDO

১০। মো: ইমাম হাসান - পল্লী বিদ্যুৎ (এজিএম Agm) -

১১। মোহা: মোস্তাফিজুর রহমান UCO

১২। মো: আসাদুজ্জামান UPSO

১৩। ইসরাত আরা পারভীন, শিক্ষা অফিস, UEO

১৪। জান্নাতুল ফেরদৌস লাবনী, UWAO

১৫। ইশতিয়াক আহমেদ. PIO

১৬। তপন রায় - AEO.

১৭। পলাশ বালা UFO ·12.10.2023

১৮। ডা. শামছুল আরেফিন - ULO

১৯। মো: ইকবাল হোসেন - UFPO

# বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ১২ অক্টোবর ২০২৩ বৃহস্পতিবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
০২) জনাব এস.এম জিল্লুর রশীদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
০৫) ডাঃ এম. এম মোস্তফা কাইয়ুম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর
০৬) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব ইসমত পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব জান্নাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব তরুন রায়, উপজেলা সহকারী কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৫) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৬) ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৭) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তব</th></tr>
<tr><td>০১.</td><td>পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।</td><td>সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়</td><td>উপজেলা অফিসার।</td></tr>
<tr><td>০২.</td><td>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ<br>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।</td><td>সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় ।</td><td>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>০৩.</td><td>বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন)<br>উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন কমিটির সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।</td><td>স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মীত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।</td><td>১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,</td></tr>
<tr><td>০৪</td><td>৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-<br>ক) <u>উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্প প্রস্তাবসমূহ অনুমোদনঃ</u> গত ০৫/১০/২০২৩ খ্রিঃ তারিখের উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের পিআইসি কর্তৃক বাস্তবায়িত প্রকল্প প্রস্তাবসমূহ পরিশিষ্ট-ক আকারে এবং টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্প প্রস্তাবসমূহ পরিশিষ্ট-খ সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে প্রকল্প প্রস্তাবসমূহ যেহেতু সময় উপযোগী এবং উপজেলার জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে ব্যাপক ভূমিকা রাখবে সুতরাং বর্ণিত পিআইসি কর্তৃক বাস্তবায়িত প্রকল্প প্রস্তাবসমূহ পরিশিষ্ট-ক আকারে এবং টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্প প্রস্তাবসমূহ পরিশিষ্ট-খ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় । অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয় ।<br>(খ) উপজেলা পরিষদের মালিকানাধীন জরাজীর্ণ উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক ভবন(তিতাস) কনডেমনেশন এর মাধ্যমে অপসারণ: উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা মোতাবেক উপজেলা প্রকৌশলী কর্তৃক সরেজমিনে দেখে জানান যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের মালিকানাধীন উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক বাসভবন(তিতাস) উপজেলার সবচেয়ে পুরাতন ভবন হওয়ায় দীর্ঘদিন যাবৎ জরাজীর্ণ হয়ে পড়ে আছে । উক্ত ভবনের রড, ইলেকট্রিক লাইন, প্লাষ্টারসহ অন্যান্য সামগ্রীর টেম্পার নষ্ট হয়ে গেছে, যা মেরামত করেও বসবাসের উপযোগী করা সম্ভপর নয় । সুতরাং বর্ণিত আবাসিক ভবনটি কনডেমনেশন করা খুবই জরুরী, এ লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন উপস্থাপিত হয় যা নিম্নরুপঃ<br><table><tr><th>ভবনের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>ভাঙ্গার খরচ</th><th>নীট</th></tr><tr><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন</td><td>১২১০৯৭৩.০০</td><td>২২৭৯০৮.০০</td><td>৯৮৩০৬৫.০০</td></tr></table>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাক্কলন অনুমোদিত হয় এবং দ্রুততার সহিত প্রাক্কলকৃত জরাজীর্ণ/পরিত্যক্ত এবং অব্যবহৃত উপজেলা পরিষদের মালিকানাধীন উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক ভবন (তিতাস) ভাঙ্গার জন্য মন্ত্রনালয়ের অনুমোতি প্রাপ্তির লক্ষে জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো ।</td><td>ক) উপস্থাপিত পরিশিষ্ট-ক ও পরিশিষ্ট-খ প্রকল্প প্রস্তাবসমূহ অনুমোদন দেওয়া হয় এবং দ্রুততার সহিত প্রকল্প বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(ক)প্রাক্কলকৃত উপজেলা পরিষদের মালিকানাধীন আবাসিক ভবন উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক ভবন (তিতাস) ভাঙ্গার জন্য স্থানীয় সরকার বিভাগের প্রশাসিনক অনুমোদন প্রাপ্তির লক্ষে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>(ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া<br>৩। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া<br><br>(ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া<br>৩। উপজেলা প্রকৌশলী</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>(গ) উপজেলা পরিষদের মালিকানাধীন জরাজীর্ণ ০২টি আবাসিক ভবন(কপোতাক্ষ ও ভৈরব) কনডেমনেশন এর মাধ্যমে অপসারণ: উপজেলা পরিষদের গত অক্টোবর-২০২১ মাসের মাসিক সাধারণ সভার অনুমোদনের প্রেক্ষিতে অত্র পরিষদের গত ১৪ নভেম্বর ২০২১খ্রিঃ ৪৬.০০.৪১০৯.০০০.১৬.০০৬.১৯-৩৫নং স্মারকে জেলা প্রশাসক, যশোর মহোদয় বরাবর উপজেলা পরিষদের জরাজীর্ণ ও অব্যবহৃত ০২(দুই) টি আবাসিক ভবন(কোয়ার্টার) কনডেমনেশনের উদ্দেশ্যে প্রস্তবনা প্রেরন করা হয় । কিন্তু উক্ত প্রস্তবনার প্রেক্ষিতে কার্যক্রমের বিষয়ে বর্তমানে যোগাযোগ করা হলে প্রস্তবনাটি যেহেতু অনেকপূর্বে প্রেরিত সেহেতু প্রাক্কলনটি বর্তমান মূল্যের সহিত সমন্বয় হবেনা মর্মে জানিয়েছেন । সেহেতু নতুন করে প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রেরণ করার জন্য মৌখিকভাবে নির্দেশনা প্রদান করেছে । যার প্রেক্ষিতে নির্দেশনা মোতাবেক উপজেলা প্রকৌশল দপ্তর কর্তৃক নতুনভাবে (০২) দুইটি প্রাক্কলন প্রস্তুত করেছে, যা সভায় উপস্থাপিত হয় । যা নিম্নপুর
<table>
<tr><th>ভবনের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>ভাঙ্গার খরচ</th><th>নীট</th></tr>
<tr><td>কপোতাক্ষ আবাসিক ভবন</td><td>৫৬৮৩১০.০০</td><td>২০৬৭৮১.০০</td><td>৩৬১৫২৯.০০</td></tr>
<tr><td>ভৈরব আবাসিক ভবন</td><td>৫৬৮৯১০.০০</td><td>২০৬৮৩১.০০</td><td>৩৬২০৭৯.০০</td></tr>
</table>
এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাক্কলন দুইটি অনুমোদিত হয় এবং দ্রুততার সহিত প্রাক্কলকৃত জরাজীর্ণ/পরিত্যক্ত এবং অব্যবহৃত উপজেলা পরিষদের মালিকানাধীন আবাসিক ভবন ০২(দুই)টি ভাঙ্গার জন্য মন্ত্রনালয়ের অনুমোতি প্রাপ্তির লক্ষে জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো ।</td>
<td>(ক)প্রাক্কলকৃত উপজেলা পরিষদের মালিকানাধীন আবাসিক ভবন কপোতাক্ষ ও ভৈরব ভাঙ্গার ভাঙ্গার জন্য স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>(ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া<br>৩। উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td>০৫.</td>
<td>আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)<br><br>(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) সেপ্টেম্বর-২০২৩ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-গ সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় ।<br><br>(খ) মশা নিধনের জন্য ফগার মেশিন ক্রয়:- বর্তমান সময়ে ডেঙ্গু মশার প্রকপ বৃদ্ধি পেয়ে জনসাধারণের মৃত্যুহার অনেক বৃদ্ধি পাচ্ছে । সুতরাং ভবিষ্যতে বিষয়টি আরো জটিল আকার ধারণ করতে পারে মর্মে সভায় উপস্থাপিত হয় । সুতরাং মশা নিধনের জন্য ফগার মেশিন ক্রয় করা অতিব জরুরী অথবা যেকোন সময়ে অপ্রতিকর ঘটনা ঘঠতে পারে ।<br><br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়, যেহেতু বর্ণিত কাজটি গুরুত্বপূর্ণ সেহেতু উক্ত ক্রয়কার্য বাস্তবায়নের জন্য প্রকল্প অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততার সহিত উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর (ফ)মশা নিধন অনুচ্ছেদ এর মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয় । উক্ত কার্যক্রম বাস্তবায়ন করার লক্ষে নিম্নরুপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয় । বর্ণিত কমিটিকে বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়নপূর্বক চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর বিল দাখিল করার জন্য অনুরোধ জানানো হয় ।<br><br><u>প্রকল্প বাস্তবায়ন তদারকি কমিটি :</u><br>১। মোঃ আবু মোতালেব তরফদার, চেয়ারম্যান, দরাজহাট ইউপি-প্রকল্পসভাপতি<br>২। মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপি- - সদস্য<br>৩। বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউপি---------সদস্য<br>৪। আবু সালেহ, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর- সদস্য<br>৫। উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- সদস্য সচিব</td>
<td>(ক)<br>বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।<br><br>(খ)<br>রাজস্ব তহবিলের বাসা-মশা নধিন খাত হতে বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br><br>(খ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। গঠিত কমিটি</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | **(গ) ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়:-** বর্তমান সময়ে বিভিন্ন সময়ে নিরাপত্তা জনিত নানা ধরণের সমস্যা সৃষ্টি হচ্ছে। এছাড়া বিভিন্ন উপজেলাতে চুরি-ডাকাতি এর মত ঘটনা দেখা দিচ্ছে, কিছুদিন পূর্বে অত্র উপজেলার অভ্যন্তর থেকে ইজিবাইক ও সাইকেল চুরির ঘটনা ঘটেছে মর্মে সভায় উপস্থাপিত হয়। সুতরাং উপজেলার অভ্যন্তরে বিশেষ করে প্রবেশমুখ ও উপজেলা পরিষদ কমপ্লেক্স এলাকার নিরাপত্তার জন্য ক্লোজ সার্কিক ক্যামেরা ক্রয় করা প্রয়োজন।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়, যেহেতু সিসি ক্যামেরা স্থাপন খুবই গুরুত্বপূর্ণ সেহেতু উক্ত ক্রয়কার্য বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে প্রকল্প অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততার সহিত উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর (প)ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় অনুচ্ছেদ এর মাধ্যমে দ্রুততার লক্ষ্যে কোটেশন আহবানের দ্বারা বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে দ্রুততার সহিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়। | (গ) বর্ণিত ক্লোজ সার্কিক ক্যামেরা ক্রয় প্রকল্পটি দ্রুততার সহিত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মাধ্যমে বিধি মোতাবেক কোটেশন পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়। | (গ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | **ঘ) <u>চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের ভ্রমন ব্যয় বিলঃ</u>** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর জুন-২৩ হতে সেপ্টেম্বর-২৩ মাসের ভ্রমন ব্যয় বিবরণী সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ভ্রমন ব্যয় বিবরণীগুলি অনুমোদন করা হয় এবং বিধি মোতাবেক বর্ণিত ভ্রমন ব্যয় বিবরণী অনুযায়ী ভ্রমন বিল প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। | ঘ) ভ্রমন ব্যয় বিবরণীগুলি অনুমোদন করা হয় এবং বিধি মোতাবেক বর্ণিত ভ্রমন ব্যয় বিবরণী অনুযায়ী ভ্রমন বিল প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঘ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | **(ঙ) আসবাপত্র সংগ্রহ/মেরামতঃ** উপজেলা পরিষদের নবনির্মিত কমপ্লেক্স ভবনে ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিসকক্ষ, উপজেলা পরিষদ মিলনাতন এবং উপজেলা প্রকৌশলীর কার্যালয় এর জন্য আসবাপত্র ক্রয় এবং পুরাতন আসবাপত্র মেরামত করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর **আসবাপত্র সংগ্রহ/মেরামত** খাত হতে বিধি মোতাবেক কোটেশনের মাধ্যমে নতুন আসবাপত্র সংগ্রহ এবং পুরাতন আসবাপত্র মেরামত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | (ঙ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর আসবাপত্র **সংগ্রহ/ মেরামত** খাত হতে কোটেশনের মাধ্যমে নতুন আসবাপত্র সংগ্রহ এবং পুরাতন আসবাপত্র মেরামত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঙ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ০৬. | **অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)**<br>কোন সুপারিশ নাই | | |
| ০৭. | **সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)** | | |
| **ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে। প্রাক্কলন প্রস্তুত ও অনুমোদন না হওয়া পর্যন্ত কোন প্রকল্পের কার্যক্রম শুরু না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>আগামী ১৮ অক্টোবর উপজেলা পরিষদ কমপ্লেক্সের উর্দ্ধমূখী সম্প্রসারণ ইডিসি প্রকল্পের আওতায় ৫ম তলায় জয় রিসেট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা অনলাইনে শুভ উদ্বোধন করবেন মর্মে সভায় উপস্থিত সকলকে অবহিত করেন এবং সকলকে উক্ত সরাসরি সম্প্রচারিত উদ্বোধনী অনুষ্ঠানের উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।<br>উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী<br>সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ...্য ...াগ: | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৮৪০৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৩৮৪ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । এবং ৭৬৬ জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে । স্বাভাবিক ডেলিভারী ৪১ জন, ১৫ জন সিজারিয়ান অপারেশন করা হয় । ৫০৭ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে । এছাড়াও ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতালের প্রসাশন আগামী ১২/০৮/২৩ ইং পর্যমত্ম নির্দেশনা অনুযায়ী ৫০/= টাকা মূল্যে ডেঙ্গু পরিক্ষা করা হচ্ছে এবং ডেঙ্গু আক্রামত্ম রোগীদের জন্য পৃথক পুরম্নষ/মহিলা বেড স্থাপন করা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতাল প্রসাশন বর্জ্য ব্যবস্থাপনা এবং ডেঙ্গু প্রতিরোধক সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছেন। বাঘারপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লে●ক্স এই পর্যমত্ম ডেঙ্গু আক্রামত্ম হইয়াছে ১০২ জন, সুস্থ্য হয়েছেন ৬৫ জন ,৩২ জনকে রেফার করা হয়েছে, এবং ৫জন অন্তঃবিভাগে ভর্তি আছেন।<br><br>২৩ টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৪৮০৮ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । এছাড়া ৮৩৮ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৭২৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| গ.কৃষি বিভাগ: | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা কৃষি অফিসার জানান যে,অত্র উপজেলায় ১৪৬০ হেক্টর জমিতে আউশ ধান আবাদ সম্পন্ন হয়েছে। আউশ ধানের পোকা-মাকড় দমনের জন্য পার্চিং, আলোক ফাদ স্থাপন এবং উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। রোপা আমনের বীজতলা তৈরি ৭৫০হেক্টরজমিতে সম্পন্ন হয়েছে। বিশেষ কর্মসূচীর আওতায় ফল গাছের পরিচর্যা, কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপনসহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে । প্রণোদনা কর্মসূচীর আওতায় রোপা আমন ১৫৪০জন ও গ্রীষ্মকালীন পেয়াজ ৮০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে এবং মাঠ পর্যায়ে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা । |
| ঘ.মৎস্য বিভাগ: | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, উপজেলা প্রশাসনের সহযোগিতায় গত ২৪/০৯/২০২৩ খ্রি. তারিখ চিত্রা নদীর খানপুর অংশে মোবাইল কোর্ট পরিচালনা করে ২১ টি চায়না দুয়ারী জাল জব্দ করে জন সম্মুখে বিনষ্ট করা হয়। যা মৎস্য সম্পদ বৃদ্ধিতে বিশেষ ভুমিকা রাখবে। প্রশাসনের সহযোগিতায় এধরণের অভিযান/মোবাইল কোর্ট অব্যাহত রাখার প্রয়োজনীয়তা আছে।<br>১২ অক্টোবর ২০২৩ হতে ০২ নভেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ সারাদেশের ন্যায় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের পক্ষ হতে অত্র উপজেলাতেও সকল কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। আতিরিক্ত বৃষ্টির সময় চাষীদের সম্ভাব্য ক্ষতি প্রশমনের জন্য প্রয়োজনীয় সকল পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম নিয়মিত তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ঙ.প্রাণি সম্পদ বিভাগ: | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর-২০২৩ মাসে ১) কৃত্রিম প্রজননের আওতায় তরল সিমেন-১৫৬টি, হিমায়িত সিমেন-৯৩০টি, ২) টিকা প্রদানের আওতায় গবাদি পশু- ৩৩৪০টি, হাঁসমুরগী-৬৬০০০টি, ৩) চিকাৎসা প্রদান গবাদিপুশু-২৫৮১টি, হাঁসমুরগি-৯৭২৪টি, পোষাপ্রাণী-০২টি, ৫) উঠান বেঠক-০৪টি ৬) খামার পরিদর্শন-১০টি । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| চ.সমাজসেবা দপ্তর: | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরে একজন দ্বিতীয় শ্রেনীর কর্মকর্তাসহ অনেকগুলি সমাজকর্মী রয়েছে কিন্তু রুম মাত্র একটি। সুতরাং তাঁর কার্যালয় সংলগ্ন জায়গায় রুম করার জন্য জায়গা প্রদান করার জন্য অনুরোধ জানান। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।<br><br>এছাড়া ভাতাভোগী মারা গেলে তার নমিনীকে টাকা প্রদানের ক্ষেত্রে ব্যাংক এশিয়া নমিনীকে হিসাব খোলার জন্য বাধ্য করছে মর্মে সভায় উপস্থাপিত হয়, এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে আইন-বিধি মোতাবেক দুততার সহিত বিষয়টি সমাধান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। | ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।<br><br>আইন-বিধি মোতাবেক সমাধান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মক<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ছ.পরিবার পরিকল্পনা বিভাগ: | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৫১৪ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৮৫১৪(চক্র) কনডম ১০৪৪৯(পিস) ইনজেকটেবল ১১১৫ জন আইইউডি ২৫জন, ইমপ্লান্ট ৬০জন, স্থায়ী পদ্ধতী পুরুষ ০০জন, মহিলা ০৩, মোট ০৩ জন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক): | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ জেলা পর্যায়ের খেলা সম্পন্ন হয়েছে। জেলা পর্যায়ে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর রানারআপ হয়েছে। উপজেলা ও জেলা পর্য়ায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০২৩ বাছাই প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে। জেলা পর্যায়ে আয়োজিত জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০২৩ বাছাই প্রতিযোগীতায় শ্রেষ্ঠ প্রধান শিক্ষক জনাব মো: এনামুছ ছাঈদ, প্রধান শিক্ষক, ঘোষনগর বাগডাংগা সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্বাচিত হয়ে বিভাগীয় পর্যায়ে আয়োজিত প্রতিযোগীতায় অংশ গ্রহন করেছেন। অত্র উপজেলার ২০২৪ সালের বিনামূল্যে পাঠ্যবই ১ম, ৪র্থ ও ৫ম শ্রেণির বই প্রাপ্ত হয়েছে। কিন্তু বই রাখার জন্য গোডাউন নাথাকায় খুবই অসুবিধা হচ্ছে। অত্র উপজেলার শিক্ষকদেরসহ দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কাযক্রম যথাযথভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক): | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া কার্যপত্র প্রদান না করায় তাঁর দপ্তরের কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতি জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |
| ঞ.পল্লী উন্নয়ন বিভাগ: | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকাররের রুপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পূর্জি গঠণ, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কাযক্রম পরিচালনা করে থাকে। ৪৩৬টি সমিতিরি ১২৪৪৮ জন সমবায়ী/সদস্যের মাঝে ২০২৩-২৪ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪৮.০০ লক্ষ টাকা। এছাড়া ছাতিয়ানতলা গালর্স স্কুল এর ১০জন কিশোরী এবং নারিকেলবাড়িয়া সেবাসংঘ মাধ্যমিক বিদ্যালয়ের ১০০জন কিশোরীসহ মোট-২০০জন কিশোরিকে একদিন ব্যাপি সচেতনতামূলক প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ সামগ্রী প্রদান করা হয়েছে। চলতি আর্থিক বছরে ২৯৫ জন সদস্যর মধ্যে ৯৮.৩০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ১২০.৭৫ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্ননির্ভশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| য়ন দপ্তর: | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৫৩১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্য থেকে ৫৪৯০ জন যুব ও যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০৫৪ জন যুব ও ৬৪৪ জন যুব মহিলা সহ মোট ১৬৯৮ জন কে যুব ঋণ হিসাবে ৪৯৪৭১৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। তিনি সভায় আর ও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ঠ. সমবায় বিভাগ : | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২২-২০২৩সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০ টি ও ২৩ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ২০২১-২০২২সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,২৩,০৩০/- টাকা। আদায়কৃত অডিট ফি ১,২৩,০৩০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৮১১২৭/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬৭০৩৫/-টাকা, আদায়ের হার ৮৩%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূর্ণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/- টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ৪,৫০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৭৯,৪৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৪,৯৫,৩৪৬/-টাকা। আদায়ের হার ৮৮%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো । | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ড. মহিলা বিষয়ক দপ্তর: | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। খাদ্য বরাদ্দ না থাকায় জুলাই-২০২৩ হতে ডিসেম্বর-২৩ পর্যন্ত বরাদ্দ পাওয়া গেছে এবং অক্টোবর-২০২৩ মাসে ডিও প্রদান করা হয়েছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে সেপ্টেম্বর-২০২৩ পর্যন্ত বাঘারপাড়া পৌরসভায় ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। **ক্ষুদ্রঋণঃ** ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর-২০২৩ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০/- (তেত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। **উঠান বৈঠকঃ** বাল্যবিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা । |
| ঢ. ত্রাণ বিভাগ: | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে । | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে ২০২৩-২৪ অর্থ বছরের সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়েছে টেন্ডার কার্যক্রম প্রায় শেষের দিকে। মোট বরাদ্দ প্রতি ইউনিয়নে ২৬ টি করে। এর ৫০% গ্রাহকের নামের তালিকা এমপি মহোদয় দিবেন বাকি ৫০% গ্রাহকের তালিকা ইউনিয়ন ও উপজেলা ওয়াটসান কমিটি সমন্বয় করে দিবেন । চউউচ-৪ প্রকল্পের আওতায় ১২ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক করার অনুমোদন পাওয়া গিয়েছে যার টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। খুব দ্রুত কাজ শুরু করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।<br><br>উপজেলা ভাইস চেয়ারম্যান জানান যে, বর্তমান বছরের নলকূপ টেন্ডার সম্পন্ন হলেও পূর্ববর্তী বছরের অনেক নলকূপ স্থাপন এখনও বাকি রয়েছে, যা খুবই দুঃখজনক, এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানানো হয়। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।<br><br>দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয় । | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| | | | |
|---|---|---|---|
| ত. বন বিভাগ | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, ছাতিয়ানতলা হতে ভাঙ্গুড়া পর্যন্ত ৩০ সেডলিং কিলোমিটার বনায়নের গাঠ বিক্রয়ের জন্য বিধি মোতাবেক কার্যক্রম চলমান । দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ফরেষ্টার, বন... বাঘারপাড়া, যশো... |
| ০৯.বিবিধ: | **(ক) উপজেলা পরিষদের মালিকানাধীন পড়ে থাকা ০১(একটি) লম্বু গাছ বিক্রয় করণঃ** স্থানীয় সরকার বিভাগের উপ-২ শাখা এর ১৫-০৮-২০০৭খ্রিঃ তারিখের ৩৮৪নং স্মারকপত্র এবং গত সেপ্টেম্বর-২০২৩ মাসের মাসিক সভার নির্দেশনা মোতাবেক উপজেলার প্রধান ফটকের পাশে অনেকদিন যাবত পড়ে থাকা ০১(এক)টি লম্বু গাছের ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন কমিটির সুপারিশসহ সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় আলোচনাক্রমে সুপারিশকৃত প্রাক্কলন(মূল্য গোপনীয়)টি অনুমোদন প্রদান করা হয় ।<br>উপরোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক বর্নিত গাছটি নিলামে বিক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | (ক) জেলা প্রশাসকের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে নিলামে বিক্রয়ের মাধ্যমে প্রাপ্ত অর্থ উপজেলা রাজস্ব তহবিলে জমা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| | **(খ)** জনাব মোঃ আব্দুর রউফ, সকলকে সহযোগীতাপূর্ণ মনোভাব নিয়ে কাজ করার অনুরোধ জানান এবং ব্যাংক এশিয়ার বিভিন্ন রকম হয়রানি থেকে জনসাধারণকে রক্ষার জন্য অনুরোধ জানান। | (খ)উর্দ্ধতন কর্তৃপক্ষের সহিত পরামর্শ করার সিদ্ধান্ত গৃহিত হয় | (২) সংশ্লিষ্ট সকল |

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১০/২০২৩

ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

## উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

**তারিখঃ ১২- ১০-২০২৩ খ্রিঃ ।**

**স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৫০**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা ........................................... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১ চেয়ারম্যান,..............................................ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

২২/১০/২০২৩

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

# পরিশিষ্ঠ-গ

## উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

## সেপ্টেম্বর-২০২৩

যে সভায় উপস্থাপিতঃ- অক্টোবর-২০২৩

| ক্রমিক | বিবরণ | বিলের পরিমান | চেকনং ও তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর আগষ্ট-২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ৪০০০০/- | চেক নং ৪৭০৪৬৪৮ তাং ০৩.০৯.২০২৩ |
| ২. | জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর আগষ্ট-২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৬৪৯ তাং ০৩.০৯.২০২৩ |
| ৩. | জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর আগষ্ট-২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৬৫০ তাং ০৩.০৯.২০২৩ |
| ৪. | মোঃ সোহেল হোসেন, মালী, উপজেলা পরিষদকে আগষ্ট-২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১২১০০/- | চেক নং ৪৭০৪৬৫১ তাং ০৩.০৯.২০২৩ |
| ৫. | মোঃ খলিল হোসেন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে আগষ্ট-২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১৩৭৫০/- | চেক নং ৪৭০৪৬৫২ তাং ০৩.০৯.২০২৩ |
| ৬. | জনাব মোঃ মনিরুল মোল্লা, পিতা- লিটন মোল্যা, সাং-কঠুরাকান্দিকে আগুনে পোড়ায় আগষ্ট-২০২৩ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে অনুদান | =১৫,০০০/- | চেক নং ৪৭০৪৬৫৩ তাং ১২.০৯.২০২৩ |
| ৭. | জনাব মোঃ সোহাগ হোসেন, প্রোপাইটার, শহিদ মাইক এন্ড ডেকোরেটরকে স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপনে মেলা করণের বিল প্রদান। | =২০,৫০০/- | চেক নং ৪৭০৪৬৫৪ তাং ২১.০৯.২০২৩ |
| ৮. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী দিবস উদযাপন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৪,৫০০/- | চেক নং ৪৭০৪৬৫৫ তাং ২১.০৯.২০২৩ |
| ৯. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের সেপ্টেম্বর-২৩ অর্থ বছরের বার্ষিক সুদের অর্থ জমার জন্য প্রদান | =৫৫৬২/- | চেক নং ৪৭০৪৬৫৬ তাং ২৪.০৯.২০২৩ |

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।